দৈনিক সংবাদ

তারিখ 22 OCT 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

বুয়েটের ঘটনা তদন্তে কমিটি গঠনের নির্দেশ

# আমাদের দুর্বল মনে করবেন না ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল সোমবার বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) গত ১৯শে অক্টোবরের ঘটনা তদন্তের জন্য একটি বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন। খবর বাসস'র।

গতকাল সকালে বুয়েটের শিক্ষক ও কর্মচারীরা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রীকে সৃষ্ট পরিস্থিতি অবহিত করতে আসেন। সে সময় প্রধানমন্ত্রী বুয়েট ক্যাম্পাসে ১৯শে অক্টোবরের সন্ত্রাসী তৎপরতার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন। এছাড়া যারা ক্যাম্পাসে শান্তি ও শৃংখলা বজায় রাখতে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে বলে তিনি উল্লেখ করেন।

তিনি বুয়েটসহ দেশের সকল

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ১২ কঃ ৩

## প্রধানমন্ত্রী ঃ আমাদের দুর্বল মনে করবেন না

(১ম পাতার পর)

শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ ও শিক্ষার উপযোগী পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এ লক্ষ্য অর্জনে সম্ভাব্য সকল পদক্ষেপ নেয়া হবে। তিনি আরো বলেন, আমরা আমাদের শিশুদের জন্য চমৎকার ভবিষ্যতের নিশ্চয়তা বিধানে বদ্ধপরিকর।

প্রধানমন্ত্রী হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, আমাদের সহিষ্ণুতাকে আমাদের দুর্বলতা বলে ভুল করবেন না। তিনি আরো বলেন, ক্যাম্পাসে যথাযথ শিক্ষার পরিবেশ বজায় রাখার প্রয়োজনে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এ ব্যাপারে প্রধানমন্ত্রী শিক্ষক ও অভিভাবকদের সহযোগিতা কামনা করেন।

এর আগে বুয়েটের উপাচার্য অধ্যাপক এম শাহজাহান, ডঃ জসীমুজ্জামান, ডঃ ইকবাল মাহমুদ ও অধ্যাপক নূরুদ্দিন আহমদ প্রধানমন্ত্রীকে ঘটনার কথা অবহিত করেন।

তারা বলেন, কালক্ষেপণ না করে সরকারের উচিত দুর্বৃত্ত ও সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে অবিলম্বে বিভিন্ন ব্যবস্থা নেয়া। তারা মত প্রকাশ করেন যে, এ ব্যাপারে আর কোন আলোচনার প্রয়োজন নেই।

সে সময় শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারও বক্তব্য রাখেন এবং অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব সৈয়দ হাসান আহমদ।